

পথশ্রী-রাস্তাশ্রী প্রকল্পে প্রথম কিস্তির টাকা দু'ভাগে ছাড়ছে পঞ্চায়েত দপ্তর

নিজস্ব প্রতিনিধি, দক্ষিণ ২৪ পরগনা: পথশ্রী-রাস্তাশ্রী প্রকল্পে রাজ্যজুড়ে রাস্তার কাজ চলছে পুরোদমে। কিন্তু সব জেলাই অধীর আগ্রহে টাকার অপেক্ষায় ছিল। অবশেষে প্রথম ধাপের এক হাজার কোটি টাকা 'রিলিজ' করা শুরু করল পঞ্চায়েত দপ্তর। জানা গিয়েছে,

দুই ভাগে ছাড়া হচ্ছে টাকা। প্রথম দফায় ৬০০ কোটি বিভিন্ন জেলায় ভাগ করে পাঠানো হয়েছে। সোমবার বাকি ৪০০ কোটি টাকা ছাড়ার কথা রয়েছে। আধিকারিকদের মতে, টাকা ঢুকে গেলে কাজের

গতি আরও বাড়বে। ঠিকাদার বা নির্মাণ সংস্থাগুলিও টিমেন্টালে কাজ করবেনা।

দপ্তর সূত্রে খবর, এই প্রকল্পের জন্য সাড়ে তিন হাজার কোটির বেশি টাকা খরচ ধরা হয়েছে। ধাপে ধাপে সেই টাকা জেলাগুলিকে দেওয়া হবে। এক মাসের বেশি সময় ধরে চলছে এই প্রকল্পের কাজ। চার হাজার কিলোমিটারের বেশি রাস্তার নির্মাণ ও সংস্কার সম্পন্ন। কিন্তু এতদিন দপ্তর থেকে টাকা না আসায় প্রত্যেক জেলায়

কিছুটা চিন্তা বাড়ছিল। টাকা দ্রুত ছাড়া হবে বলে কিছুদিন আগে চিঠি পাঠানো হয় জেলাগুলিকে। কিন্তু অ্যাকাউন্টে তা না ঢোকা পর্যন্ত স্বস্তি মিলছিল না। কারণ, যেসব রাস্তার কাজ শেষ হয়ে গিয়েছিল, তার ঠিকাদাররা টাকার জন্য দরবার করছিলেন ব্লক কিংবা জেলা



প্রশাসনের কাছে। এক আধিকারিক বলেন, কাজ তো ভালো এগচ্ছে, কিন্তু টাকা আসছিল না বলে কিছুটা চিন্তা হচ্ছিল। প্রথম ধাপের টাকা আসার পর তা কতটা খরচ হল, সেই হিসেব নিয়ে বাকি টাকা

ছাড়া হবে বলে জানা গিয়েছে।

এদিকে, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা (পিএমজিএসওয়াই) ১ ও ২ প্রকল্পের ২১টি রাস্তা ও ১১টি সেতুর কাজ এখনও বাকি রয়েছে বলে খবর। দপ্তর জানিয়েছে, এই কাজ চলতি বছরের সেপ্টেম্বরের মধ্যে শেষ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। পাশাপাশি, পিএমজিএসওয়াই ৩ প্রকল্পে রাজ্যে ৬২৮৭.৫ কিলোমিটার রাস্তার অনুমোদন দেওয়া হয়েছে।